

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫৮১

১২/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২/১৩. প্রথমে নিজের জন্য ব্যয় করা, অতঃপর পরিবার-পরিজনের জন্য, অতঃপর নিকটাত্মীয়ের জন্য।

الابتداء في النفقة بالنفس ثم أهله ثم القرابة

আরবী

حَدِيْثُ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ بَلَغَ النَّبِيَّ عَيْقِ اللهِ قَالَ بَلَغَ النَّبِيَّ عَيْقً أَنَّ رَجُلًا مِنْ أَصْحَابِهِ أَعْتَقَ غُلَامًا لَهُ عَنْ دُبُرٍ لَمْ يَكُنْ لَهُ مَالٌ غَيْرَهُ فَبَاعَهُ بِثَمَانِ مِائَةِ دِرْهَمٍ ثُمَّ أَرْسَلَ بِثَمَنِهِ إِلَيْهِ

বাংলা

৫৮১. জাবির (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে সংবাদ পৌঁছল যে, তাঁর সাহাবীদের একজন তার গোলামকে মৃত্যুর পরে কার্যকর হবে এই শর্তে আযাদ করলেন। অথচ তাঁর এছাড়া আর কোন মাল ছিল না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে গোলামটিকে আটশ' দিরহামের বিনিময়ে বিক্রিকরে দেন এবং প্রাপ্তমূল্য তার নিকট পাঠিয়ে দেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯৩ : আহকাম, অধ্যায় ৩২, হাঃ ৭১৮৬; মুসলিম, পর্ব ১২ : যাকাত, অধ্যায় ১৩, হাঃ ৯৯৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন